



অবি লম্বে প্রকাশে র উদে শ্যে 10/4/2021

গভর্নর ক্যাথি হোচুল

স্টেট এখন 1.16 বিলিয়ন ডলারের FEMA-র বিপদ মোকাবেলায় সহায়তা কর্মসূচির জন্য আবেদন গ্রহণ করছে বলে গভর্নর হোচুলের ঘোষণা

NYS-এর ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) কর্তৃক পরিচালিত মজবুত অবকাঠামো ও কমিউনিটি নির্মাণ, ও বন্যা মোকাবেলায় সহায়তা তহবিল কর্মসূচি কমিউনিটিগুলোকে দুর্যোগ নিরসন প্রকল্পগুলোর অর্থায়নে সাহায্য করবে

ঘূর্ণিঝড় আইডার অবশিষ্টাংশের ফলে দেখা দেয়া বিপর্যয় পরবর্তী সময়ে গভর্নর হোচুল মিউনিসিপ্যালিটি ও সরকারি সংস্থাগুলোকে সংস্কার কাজের উপর জোর দেয়া গুরুত্বপূর্ণ তহবিলের জন্য আবেদন করতে সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে স্টেট পর্যায়ের সংস্থা, সিটি, টাউন, ও ইন্ডিয়ান উপজাতি সরকারগুলো এখন জাতীয় পর্যায়ের ভবিষ্যত দুর্যোগ যেমন তীব্র বন্যা, দাবানল, ও ঘূর্ণিঝড়ের বিরুদ্ধে শক্তিশালী প্রতিরোধ গড়ে তোলার জন্য নকশাকৃত মোকাবেলা প্রকল্পসমূহে সহায়তার জন্য 1.16 বিলিয়ন ডলারের মজবুত অবকাঠামো ও কমিউনিটি নির্মাণ ও বন্যা মোকাবেলায় সহায়তা তহবিল কর্মসূচির মাধ্যমে ফেডারেল তহবিল পাওয়ার জন্য আবেদন করতে পারবে। ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির (Federal Emergency Management Agency) অনলাইন সিস্টেম, FEMA GO ব্যবহার করে 30 নভেম্বর, 2021 তারিখ পর্যন্ত তহবিলের জন্য আবেদন করার সুযোগ খোলা থাকবে। স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস আবেদনগুলো পর্যালোচনা করবে এবং আবেদনকারীদের প্রক্রিয়া সম্পর্কিত প্রশ্নের ব্যাপারে সহায়তা করবে।

"আমি স্থানীয় সরকারগুলোকে এই গুরুত্বপূর্ণ ফেডারেল ডলার পাওয়ার জন্য আবেদন করতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি যা প্রাকৃতিক দুর্যোগের বিরুদ্ধে মোকাবেলা ও প্রস্তুতির প্রচেষ্টায় সাহায্য করবে," বলেছেন গভর্নর হোচুল। "সাম্প্রতিক মাসগুলোতে ফ্লোড, হেনরি ও আইডার ক্ষেত্রে আমরা যেমনটা দেখেছি নিউ ইয়র্ক স্টেটে চরম বিরূপ আবহাওয়ার ফলে বন্যা ও বিপর্যয় দেখা দেয়া, বিশেষ করে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে, নতুন কোনো বিষয় নয়। আমাদের স্টেটে জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলো মোকাবেলায় আমাদের প্রচেষ্টায় সাহায্যকারী এই গুরুত্বপূর্ণ তহবিল পাওয়ার জন্য আবেদন করার বিষয়টি আমার স্থানীয় সরকারের অংশীদারদের গুরুত্বের সাথে বিবেচনা করা উচিত।"

এবছর, [BRIC](#) ও [FMA](#) এমন প্রকল্পগুলোকে অগ্রাধিকার দিবে যেগুলো [জাস্টিস40 উদ্যোগ \(Justice40 Initiative\)](#) বাস্তবায়নের মাধ্যমে সমতা প্রচারের নির্দেশক নীতিমালার সাথে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর উপকার করে থাকে। এসব দুর্যোগ-পূর্ব কর্মসূচি এমন প্রকল্পগুলোর জন্য তহবিল প্রদান করে থাকে যেগুলো প্রতিরোধ উন্নত করা, দুর্যোগের ভোগান্তি কমানো, এবং ভবিষ্যতে দুর্যোগজনিত ব্যয় এড়ানোর ক্ষেত্রে সাহায্য করে, বিশেষ করে সুবিধাবঞ্চিত ও ঝুঁকিতে থাকা কমিউনিটিতে যেগুলো প্রায়শ জলবায়ু পরিবর্তনের কারণে অসমভাবে ক্ষতির শিকার হয়ে থাকে।

নিউ ইয়র্ক স্টেট হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস কমিশনার প্যাট্রিক এ. মার্কি বলেন, "আমি স্টেটজুড়ে কমিউনিটিগুলোকে তাদের নাগরিকদের উপকৃত করবে এবং ভবিষ্যতের প্রাকৃতিক দুর্যোগের জন্য তাদের প্রস্তুতি উন্নত করবে এমন প্রকল্পসমূহ সম্পন্ন করার জন্য FEMA বিপদ মোকাবেলা তহবিল পাওয়ার জন্য আবেদন করতে সনির্বন্ধভাবে অনুরোধ জানাই। এসব তহবিল কমিউনিটিগুলোকে তাদের অসহায়ত্ব কমানো, জীবন রক্ষা করা এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলা করার সক্ষমতা জোরদার করার সুযোগ প্রদান করবে।"

জাতীয়ভাবে প্রতিযোগিতাপূর্ণ এসব দুর্যোগ নিরসন তহবিল সম্প্রতি ঘটে যাওয়া তীব্র ঝড়ের ফলে দেখা দেয়া তাৎক্ষণিক চাহিদা বা মেরামতের প্রয়োজন পূরণ করবে না। এসব তহবিল হলো ভবিষ্যতে দুর্যোগের ঘটনায় জনসাধারণ ও অবকাঠামোর সামগ্রিক ঝুঁকি কমানো এবং সেইসাথে ভবিষ্যতে দুর্যোগের ঘটনায় ফেডারেল তহবিলের উপর নির্ভরশীলতা কমানোর জন্য, একটি টেকসই দুর্যোগ-পূর্ব প্রাকৃতিক বিপর্যয় মোকাবেলা কর্মসূচি বাস্তবায়নে সহায়তার জন্য।

এসব তহবিল কর্মসূচির প্রত্যেকটি সর্বোচ্চ প্রকল্প ব্যয় এবং সংশ্লিষ্ট ফেডারেল শেয়ার সীমিত করে দেয়। ফেডারেল শেয়ার প্রয়োগ করার পরে অবশিষ্ট প্রকল্পের ব্যয় আবেদনকারী বহন করবেন।

আইডার কারণে ক্ষতিগ্রস্ত হওয়া লোকজনের জন্য লভ্য সংস্থানসমূহ সম্পর্কে আরো তথ্য পেতে, www.ny.gov/ida ওয়েবসাইটে যান।

আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.dhSES.ny.gov/recovery/ ওয়েবসাইটে যান অথবা DHSES মিটিগেশন (DHSES Mitigation) এর সাথে HazardMitigation@dhSES.ny.gov ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন।

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ সম্পর্কে

[নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস](#) সন্ত্রাসবাদ এবং অন্যান্য মানবসৃষ্ট ও প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, আগুন, ও অন্যান্য জরুরী পরিস্থিতি প্রতিরোধ, সেগুলোর বিরুদ্ধে সুরক্ষা প্রদান, সাড়া দেয়ার জন্য প্রস্তুতি নেয়া, ও সেগুলো থেকে পুনরুদ্ধারের প্রচেষ্টায় নেতৃত্ব, সমন্বয়, ও সহায়তা প্রদান করে থাকে। আরো তথ্যের

জন্য, [DHSES-এর ফেসবুক \(Facebook\) পেইজ দেখুন](#), @NYSDHSES-কে অনুসরণ
করুন [টুইটারে \(Twitter\)](#), বা [ইনস্টাগ্রামে \(Instagram\)](#), অথবা dhses.ny.gov ওয়েবসাইট দেখুন।

###

আরো খবর পাওয়া যাবে www.governor.ny.gov এ
নিউ ইয়র্ক স্টেট | একজিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418